DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 08:11 AM

রাজনীতি

# জুলাই বিপ্লব ফরাসি বিপ্লবের চেয়ে কোনো অংশেই কম নয়: রিজভী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ০৩ আগস্ট ২০২৬, ১১:৫২ AM



সংগৃহীত ছবি

জুলাই বিপ্লব কোনো অংশেই ফরাসি বিপ্লবের চেয়ে কম নয় বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

রোববার (২ আগস্ট) বিকেলে রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আয়োজনে রক্তাক্ত জুলাই: স্মরণ ও প্রত্যয় আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বিশ্ববিদ্যালয়ের কাজী নজরুল ইসলাম মিলনায়তনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্যদ্বয়, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যবৃন্দ, রাজশাহী সিটি করপোরেশন ও রাজশাহী জেলা পরিষদের প্রশাসক, ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক নাসির উদ্দীন নাসির, রাবি ছাত্রদলের সভাপতি সুলতানুল আহমেদ রাহী, সাধারণ সম্পাদক সর্দার জহুরুলসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন । পাশাপাশি মহানগরীর বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, “জুলাই বিপ্লব কোনো অংশেই ফরাসি বিপ্লবের চেয়ে কম নয়। শেখ হাসিনা মুক্তিযুদ্ধে যাননি, ওনার স্বামীও যাননি, শুধু দেখেছেন। এ জাতির ভিতরে সাহসের যে শক্তি তার পরিমাপ তিনি করতে পারেননি।”

তিনি বলেন, “জামায়াত ক্ষমতায় আসলে নিয়োগের ক্ষেত্রে সালফিউরিক এসিডের মধ্যে ডুবিয়ে দেখবে প্রার্থী জামাত কিনা। জামায়াত ক্ষমতায় আসলে যে দলীয়করণ করবে তা সকল দলীয়করণে ইতিহাস ছাড়িয়ে যাবে।”

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব বলেন, “আপনারা যেভাবে সরকারের বিরোধিতা করছেন, ঠিক তেমনিভাবে শেখ হাসিনাও বিরোধিতা করতো। আপনারা শেখ হাসিনার ভাষায় কথা বলছেন, সমাজের মধ্যে ঘৃণা তৈরি করছেন। যুদ্ধের কারণে জ্বালানি তেলের দাম বাড়লেও নিত্যপণ্যের দাম বাড়েনি।”

---

## এ বিভাগের আরও খবর




**আমির হামজা এমপির ওপর হামলা, জামায়াতের তীব্র নিন্দা ও প্রতিবাদ**
কুষ্টিয়া-৩ (সদর) আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজার ওপর হামলার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী কুষ্টিয়া জেলা শাখা।শনিবার...



**রাষ্ট্রপতি নির্বাচনে মির্জা ফখরুলের মনোনয়নপত্র বৈধ ঘোষণা**
রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের মনোনয়নপত্র বৈধ ঘোষণা করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম...



**রাষ্ট্রপতি নির্বাচন: অলি আহমদের মনোনয়নপত্র বৈধ ঘোষণা**

আগামী ২০ আগস্ট অনুষ্ঠিত হতে যাচ্ছে ২৩তম রাষ্ট্রপতি নির্বাচন। এই নির্বাচনকে সামনে রেখে ক্ষমতাসীন দল বিএনপি ও প্রধান বিরোধীদল জামায়াতে ইসলামী...




**৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেন হাসিনা**

চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, বিগত সরকারের সময় দেশের ৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেওয়া হয়েছিল। স্বৈরাচারী সরকার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/politics/julai-biplb-frasi-biplber-cheye-kono-ongshei-km-ny-ribhi